টিপশিট

RESOURCE & SUPPORT HUB

UK International Development
Partnership | Progress | Prosperity

যৌন শোষণ, নির্যাতন এবংযৌন হয়রানির (এসইএএইচ) সার্ভাভাইরদের অন্তর্ভুক্ত করা

এই টিপশিটটি নীতি নির্ধারণে এসইএএইচ সার্ভাইভারদের অন্তর্ভুক্ত করার একটি কুইক রেফারেন্স[1]| এই টিপশিটে মূল বিষয়াবলী এবং প্রশ্নের একটি তালিকা দেওয়া আছে, যা প্রতিষ্ঠানগুলো সার্ভাইভারদের সাথে কাজ করার সময় তাদেরকে জিজ্ঞাসা করবে।

সার্ভাইভাররা যৌনশোষণ, নির্যাতন এবং যৌন হয়রানি (এসইএএইচ) বিষয়ে নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন। তবে অর্থপূর্ণ সম্পৃক্ততার জন্য নীতি নির্ধারকদের যথাযথভাবে এবং দায়িত্বশীলভাবে কাজ করার বিষয়টি জড়িত যাতে করে সার্ভাইভারদের পুনরায় ক্ষতি না করেই তাদের কথা শোনা যায়।

কেন সার্ভাইভারদের অন্তর্ভুক্ত করতে হবে?

- ✓ সার্ভাইভারদের মতামত এবং অভিজ্ঞতাকে গুরুত্ব সহকারে নেওয়ার জন্য সংস্থাগুলোর নৈতিক দায়িত্ব রয়েছে
- ✓ নিজেদের অভিজ্ঞতার কারণে সার্ভাইভাররা বিশেষজ্ঞ এবং কী কাজ করবে বা করবে না, সে বিষয়ে তারা অন্য সবার চেয়ে ভালো জানেন
- ✓ নীতি এবং পরিবর্তনে সার্ভাইভারদের মতামত তাদেরকে সুস্থ হয়ে উঠতে সহায়তা করতে পারে এবং তাদেরকে সম্মানিতবোধ করাতে পারে
- ✓ সার্ভাইভারদের অন্তর্ভুক্ত করার মাধ্যমে কাজের প্রাসঙ্গিকতা ও কার্যকারিতা নিশ্চিত করা যায়
- ✓ সার্ভাইভারের দৃষ্টিকোণ থেকে যখন কর্মী ও প্রতিষ্ঠানগুলো এসইএএইচ বুঝবে, তখন তাদের কাজ আরও ভালো হবে

কখন সার্ভাইভারদের অন্তর্ভুক্ত করা উচিত নয়?

- ✗ যদি সার্ভাইভাররা এখনও অপরাধীদের হুমকির মুখে থাকে
- ✗ যদি সার্ভাইভার ও তথ্যদাতাদের অন্তর্ভুক্তির আগে ও পরে নিরাপত্তা বিধান ও সুরক্ষার জন্য আপনার প্রতিষ্ঠানের সঠিক নীতিমালা ও কার্যপ্রণালী না থাকে
- ✗ যদি অন্তর্ভুক্তির কারণে সার্ভাইভারদের ক্ষতি হয় অথবা তারা অপরাধী, সম্প্রদায় ও সরকার দ্বারা ক্ষতির ঝুঁকিতে থাকেন (যেমন- কথা বলার কারণে জেলে যাওয়া অথবা আইনি অধিকার হারানো)
- ✗ যদি অন্তর্ভুক্তির কারণে কেবল প্রতিষ্ঠান সম্পূর্ণ রূপে লাভবান হয় এবং এটি যদি সার্ভাইভার-কেন্দ্রিক না হয়
- ✗ যদি আপনার প্রতিষ্ঠানের সার্ভাইভারদের সুপারিশ গুলো বাস্তবায়নের উদ্দেশ্য না থাকে

দরকারি সংজ্ঞা সমূহ :

সার্ভাইভার-কেন্দ্রিক পদক্ষেপ : নিশ্চিত করা যে, প্রতিরোধ ও সাড়াদান ব্যবস্থা বৈষম্যমূলক নয় এবং বিশেষভাবে ঝুঁকিপূর্ণ বা বিশেষভাবে এসইএএইচ-এর লক্ষ্যবস্তু হতে পারে এমন গোষ্ঠীসহ সার্ভাইভারদের অধিকার, প্রয়োজন এবং ইচ্ছাকে সম্মান জানানো ও অগ্রাধিকার দেয়া ।[2]

সার্ভাইভার-নেতৃত্বাধীন পন্থা : এই পন্থায় সার্ভাইভাররা নিজেদের জীবনের এবং তারা যে যৌনপীড়ন ও শোষণের শিকার হয়েছেন তা কাটিয়ে উঠতে বৃহত্তর আন্দোলনের নেতৃত্ব দেন।[3]

ট্রমা-অবহিত পন্থা/দৃষ্টিভঙ্গি : এই পন্থা ট্রমার ব্যাপক প্রভাবকে স্বীকৃতি দেয় এবং পুনরুদ্ধারের সম্ভাব্য পথ বোঝে।এর মধ্যে রয়েছে ট্রমার লক্ষণ ও উপসর্গ সনাক্ত করা; নীতি, পদ্ধতি এবং অনুশীলনের মধ্যে ট্রমা-সম্পর্কিত জ্ঞানকে সম্পূর্ণরূপে একীভূত করা এবং পুনরায় আঘাত প্রতিরোধের লক্ষ্যে সক্রিয় ভাবে কাজ করা।[4]

নিচের সারণীটি সার্ভাইভার অন্তর্ভুক্তির পরিকল্পনায় সংস্থাগুলোকে নির্দেশনা দেওয়ার জন্য তৈরি করা হয়েছে। এটি পরিপূর্ণ কোনও তালিকা না হলেও সার্ভাইভার অন্তর্ভুক্তি বলতে কী বোঝায়, তা বুঝতে সাহায্য করবে।

একটি নিরাপদ ও সহজ পরিবেশ তৈরি করুন

সার্ভাইভার ও তথ্য দাতাদের জন্য সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করুন। আপনার সুরক্ষানীতি এবং পদ্ধতি গুলো কি হালনাগাদকৃত এবং প্রাসঙ্গিক? অন্তর্ভুক্তির সময় বা পরে কোনও ঘটনা প্রকাশ পেলে সেক্ষেত্রে সার্ভাইভারদের সমর্থন করার জন্য আপনার কোনও প্রক্রিয়া আছে কি?

নিরাপত্তা পরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করুন। আপনি কি অন্তর্ভুক্তির কোনও ঝুঁকি মূল্যায়ন করেছেন? অন্তর্ভুক্তির সময় এবং পরে ব্যক্তিগত নিরাপত্তা পরিকল্পনা তৈরি করতে আপনি কি সার্ভাইভার এবং কর্মী/উপকারভোগীদের সাথে কাজ করেছেন?

পরামর্শের সময় সার্ভাইভাররা কোন ও কিছু দ্বারা প্রভাবিত হলে তাদের জন্য সহায়তা নিশ্চিত করুন। কী পরিষেবা প্রয়োজন? আপনার কার সাথে নেটওয়ার্ক বা জড়িত থাকা প্রয়োজন? আপনি কি শিশুদের জন্য বিশেষ ব্যবস্থার কথা ভেবেছেন? পরিষেবার জন্য অর্থ কীভাবে প্রদান করা হবে সে বিষয়ে আপনি ভেবেছেন কি?

বন্ধুত্বপূর্ণ এবং অন্তর্ভুক্তিমূলক পরিবেশ নিশ্চিত করুন । আপনি কীভাবে বিভিন্ন স্থান বা পটভূমি থেকে আসা সার্ভাইভারদের অন্তর্ভুক্ত করছেন? সভাস্থলে সার্ভাইভারদের আসা-যাওয়ার ব্যবস্থা কীভাবে করছেন? যাদের শিশু সন্তান আছে, প্রতিবন্ধী ব্যক্তি অথবা অন্যান্য গ্রুপকে অন্তর্ভুক্ত করতে আপনি কীভাবে সহায়তা করছেন?

গোপনীয়তা এবং পরিচয় প্রকাশ না হওয়া নিশ্চিত করুন। অন্তর্ভুক্তির জন্য সার্ভাইভারদের চিহ্নিত হওয়ার ঝুঁকি রয়েছে কি? আপনি কি সকল কাজ গোপন রাখছেন এবং কারও অভিজ্ঞতা থেকে কোনও ব্যক্তিকে সনাক্ত করার মতো তথ্য মুছে ফেলছেন?

সংবেদনশীলতা, বোঝাপড়া এবং বিবেচনার সাথে অন্তর্ভুক্তি

প্রক্রিয়াগুলো সার্ভাইভার নেতৃত্বাধীন এবং তাদের পরিকল্পনায় হওয়া উচিত। অন্তর্ভুক্তি প্রক্রিয়া, নীতি ও কর্মসূচির পরিকল্পনা যাতে আর কোনও ক্ষতি না করতে পারে সে উদ্দেশ্যে অন্তর্ভুক্তি প্রক্রিয়া, নীতি ও কর্মসূচির পরিকল্পনায় সার্ভাইভাররা কীভাবে নেতৃত্ব প্রদান এবং ভূমিকা রাখতে পারে সে বিষয়ে কি আপনি ভেবেছেন? আপনি কি সার্ভাইভারদের জিজ্ঞাসা করেছেন যে কোন পদ্ধতি তাদের জন্য ভালো হয়?

যে-কোনো অন্তর্ভুক্তিতে, চিত্র, উদ্ধৃতি বা লিখিত কাজের অবগত সম্মতি (ইনফর্মড কনসেন্ট) থাকা নিশ্চিত করুন। অন্তর্ভুক্তি এবং সম্মতি প্রক্রিয়া কি আপনি সার্ভাইভারদের কাছে এমনভাবে ব্যাখ্যা করেছেন যাতে তারা বুঝতে পারেন? তারা যে-কোনো সময় অন্তর্ভুক্তিতা থেকে বেরিয়ে আসতে পারেন, আপনি কি তাদেরকে এটি ব্যাখ্যা করেছেন? সকল ছবি, উদ্ধৃতি বা লিখিত কাজ কীভাবে ব্যবহার করা হবে এবং সেগুলো কারা দেখবে, আপনি কি এগুলো ব্যাখ্যা করেছেন? কোনও কাজ কি অনলাইনে যাবে অথবা উন্মুক্ত নথিতে প্রিন্ট করা হবে?

স্পষ্ট ও সত্যবাদী হোন এবং বাস্তবতার সাথে প্রত্যাশার মিল রাখুন। আপনার কাছে থাকা সম্পদ এবং সময়সীমা দিয়ে আপনি কী অর্জন করতে পারেন সে সম্পর্কে আপনি কি বাস্তববাদী হচ্ছেন? অন্তর্ভুক্তি থেকে কী আশা করা যায় সে সম্পর্কে আপনি কি পরিষ্কার? সার্ভাইভার কি আপনার ভূমিকা এবং যে-কোনো সীমাবদ্ধতা সম্পর্কে স্পষ্ট জানেন? আপনি কি বলেছেন যে আপনি ফোন করবেন, মেসেজ করবেন বা তথ্য পাঠাবেন? এরকম কিছু বলে থাকলে আপনার কথা রাখুন।

প্রক্রিয়ার আগে এবং পরে যোগাযোগ পরিষ্কার এবং বন্ধুত্বপূর্ণ হওয়া উচিত। সার্ভাইভাররা কি আপনার সাথে স্বাচ্ছন্দ্যে যোগাযোগ করছেন? আপনি কি পুরোপ্রক্রিয়া, কী ঘটবে এবং যে-কোনো পরবর্তী প্রক্রিয়া ব্যাখ্যা করেছেন? আপনার কন্ঠ এবং শরীরের ভাষা কি বন্ধুত্বপূর্ণ? আপনি কি আপনার নিজের ভ্রান্ত ধ্যান ধারণা এবং পক্ষপাত মূলক আচরণ নিয়ে এবং এটি কীভাবে মানুষের সাথে যোগাযোগকে প্রভাবিত করতে পারে, এসব নিয়ে চিন্তা করেছেন?

সার্ভাইভাররা কীভাবে অন্তর্ভুক্ত হতে চান তা বেছে নেওয়ার জন্য বিভিন্ন বিকল্প ব্যবস্থা রাখুন। আপনি কি সার্ভাইভারদের অন্তর্ভুক্ত করার বিভিন্ন উপায় বিবেচনা করেছেন (লিখিত, অডিও, শিল্প-ভিত্তিক কাজ ইত্যাদি)? সার্ভাইভাররা কি বোঝেন যে তাদের বিভিন্ন বিকল্প আছে এবং তাদের বিভিন্ন ভূমিকা বা মতামত থাকতে পারে?

রিসোর্সিং এবং নমনীয়তা

নিশ্চিত করুন যে আপনি জনবল নিয়ে এবং সার্ভাইভারদের অন্তর্ভুক্ত করার সময় নিয়ে বাস্তববাদী। অন্তর্ভুক্তিতে সহায়তা করার জন্য আপনি কি পর্যাপ্ত যোগ্য কর্মী পেয়েছেন, বিশেষ করে যেক্ষেত্রে শিশু ও প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে কাজ করার ক্ষেত্রে? আপনি কি অপ্রত্যাশিত ঘটনার জন্য বিকল্প পরিকল্পনা ভেবে রেখেছেন? যেমন, কোনও সার্ভাইভার শেষ মুহূর্তে নিজেকে প্রত্যাহার করে নেয়, কিন্তু আপনি অন্তর্ভুক্ত করতে চান? আপনি কি একটি সেশন পুনরায় করতে পারেন?

অন্তর্ভুক্তির খরচ বিবেচনা করুন। আপনি কি অন্তর্ভুক্তির জন্য খাবারের ব্যবস্থা করছেন? ভেন্যু বা স্থানের খরচ আছে? আপনার কি ছোট আলোচনা বা বিরতির জন্য আলাদা কোনও স্থান প্রয়োজন? আপনার কি অনুবাদক প্রয়োজন?

সার্ভাইভারদের অভিজ্ঞতার জন্য আর্থিক পারিশ্রমিক।আপনি কি সার্ভাইভারদের তাদের সময়ের জন্য অর্থ প্রদান করছেন? আপনি কি কোনও ভ্রমণ ও বাসস্থান খরচ পরিশোধ করছেন (সভাস্থলে যাওয়ার জন্য সার্ভাইভারদের আগে থেকেই এটির প্রয়োজন হতে পারে)? আপনি কি শিশু যত্নের ব্যবস্থা করছেন বা শিশুদের দেখাশোনা করার খরচ প্রদান করছেন?

---

[1] রিসোর্স ও সাপোর্ট হাবের জন্য লেখা একটি প্রতিবেদন থেকে এই টিপশিটটি লেখা হয়েছে : আরএসএইচ (২০২০) যৌনশোষণ, নির্যাতন এবং যৌন হয়রানির (এসইএএইচ) সার্ভাইভারদের অন্তর্ভুক্ত করার সর্বোত্তম অনুশীলন।https://safeguardingsupporthub.org/best-practice-engaging-survivors-sexual-exploitation-abuse-and-sexual-harassment

[2] বোজিও, জি., n.d. ল্যান্ডমার্ক ইউএন সিকিউরিটি কাউন্সিল রেজ্যুলুশন ২৪৬৭ (২০১৯) ন্যায়বিচার ও জবাবদিহিতাকে শক্তিশালী করেছে এবং সংঘাতমূলক পরিস্থিতিতে যৌন সহিংসতা নিরোধ ও প্রতিকারে সার্ভাইভার-কেন্দ্রিক ব্যবস্থা গ্রহণের আহ্বান জানায়, ২৯ এপ্রিল২০১৯। জাতিসংঘ https://slavefreetoday.org/journal_of_modern_slavery/v2i1a2_Rise_Unite_Support_Doing_No_Harm_in_the_AntiTrafficking_Movement_countryman_roswurm.pdf

[3] কান্ট্রিম্যান-রোজউরম, কে. (২০১৫). রাইজ, ইউনাইট, সাপোর্ট : ডুয়িং "নোহার্ম" ইন দি অ্যান্টি-ট্রাফিকিং মুভমেন্ট।স্লেভারি টুডে জার্নাল : আ মাল্টিডিসিপ্লিনারি জার্নাল অব হিউম্যান ট্রাফিকিং সলিউশন, ২, ১। URL https://slavefreetoday.org/journal_of_modern_slavery/v2i1a2_Rise_Unite_Support_Doing_No_Harm_in_the_AntiTrafficking_Movement_countryman_roswurm.pdf

[4] Mentalhealth.org (২০১৫) ট্রমা-ইনফর্মড অ্যাপ্রোচ অ্যান্ড ট্রমা স্পেসিফিক ইন্টারভেনশন্স Accessed 04.08.20 URL https://www.mentalhealth.org/get-help/trauma#:~:text=Recognizes%20the%20signs%20and%20symptoms,actively%20resist%20re%2Dtraumatization.%22